

৮৪১ প্রার্থীর ডোপ টেষ্টের নমুনা সংগ্রহ

রাবি প্রতিনিধি

০৮ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক **আমাদেশময়**



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচন ঘরে প্রার্থীদের বাধ্যতামূলক ডোপ টেষ্টের জন্য নমুনা সংগ্রহ শেষ হয়েছে। এতে রাকসু, হল সংসদ ও সিলেট প্রতিনিধি মিলিয়ে মোট ৮৪১ প্রার্থীর নমুনা রয়েছে। গতকাল বুধবার শেষ দিনে ২০০ প্রার্থীর নমুনা সংগ্রহের মাধ্যমে এ কার্যক্রম শেষ হয়।

বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয় চিকিৎসা কেন্দ্রের প্রধান মাফরহা সিদ্ধিকা লিপি। তিনি জানিয়েছেন, সংগৃহীত নমুনার ফলাফল আগামী রবিবার নির্বাচন কমিশনের কাছে জমা দেওয়া হবে।

জানা যায়, ডোপ টেষ্টের জন্য নমুনা সংগ্রহ করে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালের (রামেক) একটি বিশেষ দল। রাবি মেডিক্যাল সেন্টারে ইউরিন সংগ্রহের পর রামেকে পরীক্ষার কাজ সম্পন্ন করা হচ্ছে। প্রসঙ্গত, গত ২৭ আগস্ট প্রধান নির্বাচন কমিশনার স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে প্রার্থীদের জন্য ডোপ টেষ্ট বাধ্যতামূলক করা হয়। প্রথমে সময়সীমা ছিল ২৮ আগস্ট থেকে ১ সেপ্টেম্বর

পর্যন্ত। পরে তা বাড়িয়ে ৩ সেপ্টেম্বর নির্ধারণ করা হয়।

রাকসুর ইতিহাসে সবচেয়ে প্রবীণ প্রার্থী মোর্শেদ খান : এদিকে রাকসু নির্বাচনে ৫১ বছর বয়সী শিক্ষার্থী শাহরিয়ার মোর্শেদ খান গতকাল মনোনয়নপ্ত্র উত্তোলন করেছেন, যা রাকসুর ইতিহাসে সবচেয়ে প্রবীণ প্রার্থীর মনোনয়ন প্রাপ্তির ঘটনা। তিনি বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী।

শাহরিয়ার মোর্শেদ খান বলেন, দীর্ঘ ৩৫ বছর পর রাকসু নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। আমি স্বতন্ত্রভাবে কেন্দ্রীয় সংসদে মিডিয়া অ্যান্ড পাবলিকেশন সম্পাদক পদে প্রতিষ্ঠিতা করার সিদ্ধান্ত নিয়েছি। শিক্ষার্থীদের ভোট ও আস্থার মাধ্যমেই আমি জয়ী হতে পারব বলে আশাবাদী।

উল্লেখ্য, গতকাল ছিল রাকসু নির্বাচনে মনোনয়নপত্র উত্তোলনের শেষ দিন।